দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ৬

AUG 19 2002

খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা গবেষণা ক্ষেত্রে জাপানী ও ব্রিটিশ সহায়তার আশ্বাস

খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-গবেষণা ক্ষেত্রে জাপান ও যুক্তরাজ্য সহায়তার আশ্বাস দিয়েছে। ঢাকায় জাপানী দূতাবাস ও বৃটিশ কাউন্সিলে সংশ্লিষ্ট বিষয়ে রবিবার ও সোমবার অনুষ্ঠিত আলোচনাকালে এই আশ্বাস দেয়া হয়। খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে উচ্চ শিক্ষা গবেষণার জন্য লিংক স্থাপন ও তথ্য বিনিময় নিয়ে আলোচনা করেন। তিনি নবীন বিশ্ববিদ্যালয় হিসেবে খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রয়োগমুখী শিক্ষাসহ সার্বিক শিক্ষা কার্যক্রম তুলে ধরে শিক্ষক ও গ্রাজুয়েটদের জাপানে অধিকহারে উচ্চ শিক্ষা, গবেষণা ও বৃত্তির সুযোগ সৃষ্টির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

এদিকে সোমবার বৃটিশ কাউ-

(১০ম পৃঃ দ্রঃ)

খুলনা বিশ্ববিদ্যালয়ের

(৭ম পৃঃ পর)

সিলে অনুরূপ এক বৈঠকে খুলনা বিশ্ববিদ্যালয়ে আই, ই, এল, টি, এস কেন্দ্র চালুর বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়। আগামী বছরের প্রথম থেকে এ কেন্দ্র চালু হবে বলে আশা করা হচ্ছে। উভয় বৈঠকে জাপানী দূতাবাসের শিক্ষা পরিচালক, বৃটিশ কাউন্সিলের মার্থা গিবসন এবং খুবির লিংক বিষয়ক উপদেষ্টা সাব্বির আহমদ ও ইংরেজী ডিসিপ্লিন প্রধান জি এম জাভেদ উপস্থিত ছিলেন।